

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৫০৪(আগরতলা, ৮।৫)

উদয়পুর, ০৮ মে, ২০১৮

উদয়পুরে রবীন্দ্রনাথ ও ত্রিপুরা শীর্ষক আলোচনাচক্র

প্রাক রাজর্ষি উৎসব উপলক্ষ্যে গতকাল উদয়পুর টাউন হলে রবীন্দ্রনাথ ও ত্রিপুরা শীর্ষক এক আলোচনাচক্র অনুষ্ঠিত হয়। তথ্য ও সংস্কৃতি দপ্তর, ত্রিপুরা পর্যটন উন্নয়ন নিগম, গোমতী জিলা পরিষদ এবং রাজর্ষি উৎসব কমিটির যৌথ উদ্যোগে আয়োজিত এই আলোচনায় অংশ গ্রহণ করে বিধায়ক রামপদ জমতিয়া বলেন, ত্রিপুরার রাজ পরিবারের সাথে রবীন্দ্রনাথ ঠাকুরের সুগভীর সম্পর্ক ছিল। রবীন্দ্র সৃষ্টি আমাদের চিন্তা করতে শেখায়। নতুন প্রজন্মের কাছে এখনো তিনি সমানভাবে প্রাসঙ্গিক। তাঁকে আমাদের অনুসরণ করতে হবে। অনুষ্ঠানের প্রধান বক্তা ত্রিপুরা কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ের সহকারী অধ্যাপক সায়ক মুখার্জী বলেন, বর্তমান প্রজন্মের জন্য রবীন্দ্রনাথ ঠাকুরের নীতি আদর্শ খুবই প্রাসঙ্গিক। রবীন্দ্রনাথ ঠাকুরের চিন্তা চেতনাকে ঘরে ঘরে পৌঁছে দিতে হবে। অনুষ্ঠানে বক্তব্য রাখেন বিশিষ্ট সাংস্কৃতিক ব্যক্তিত্ব সুভাষ দেব, অনুষ্ঠানের সভাপতি রাজর্ষি উৎসব কমিটির সভাপতি শীতল চন্দ্র মজুমদার, তথ্য ও সংস্কৃতি দপ্তরের সহ অধিকর্তা টিংকু বিশ্বাস প্রমুখ।
